

স্মারক নং: ববি/ইং/প্রো.অ/২০২১/১২৪
অক্টোবর ২৭, ২০২১



বিজ্ঞপ্তি

মিডটার্ম পরীক্ষা

ইংরেজি বিভাগের শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ফল-২০২১ সেমিস্টারে অনার্স (১ম সেমিস্টার ব্যতীত) এবং মাস্টার্স প্রোগ্রামের মিডটার্ম পরীক্ষা আগামী ০২ নভেম্বর ২০২১ তারিখ থেকে স্বাস্থ্যবিধি মেনে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বিভাগীয় শ্রেণীকক্ষে অনুষ্ঠিত হবে। শিক্ষার্থীরা পরীক্ষা শুরু এক ঘন্টা আগে ক্যাম্পাসে প্রবেশ করতে পারবে এবং পরীক্ষা শেষে ১৫ মিনিটের মধ্যে ক্যাম্পাস ত্যাগ করবে। এছাড়া পূর্বের দেয়া COVID-19 সম্পর্কিত সকল নির্দেশনা সঠিক ভাবে পালন করবে। পরীক্ষার রুটিন শিখ্রই বিভাগীয় ওয়েবসাইট এবং ফেসবুক পেজ-এ প্রকাশ করা হবে। অনার্স ১ম সেমিস্টারের মিডটার্ম পরীক্ষা আগামী ২১ নভেম্বর ২০২১ তারিখ থেকে শুরু হবে এবং যথা সময়ে পরীক্ষার রুটিন প্রকাশ করা হবে।

বিগত সেমিস্টারের সেমিস্টার ফি বকেয়া

বিগত সেমিস্টারের সেমিস্টার ফি বকেয়া রেখে কোনো শিক্ষার্থী মিডটার্ম পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তাদের আগামী ০৪ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে সেমিস্টার ফি পরিশোধ করে প্রোগ্রাম অফিসের সহযোগিতায় রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে এবং পরবর্তীতে তাদের মিডটার্ম পরীক্ষার বিশেষ ব্যবস্থা করা হবে। ০৪ নভেম্বর ২০২১ তারিখের পর ফল-২০২১ সেমিস্টারের সকল রেজিস্ট্রেশন বন্ধ হয়ে যাবে।

প্রবেশপত্র

মিডটার্ম পরীক্ষার জন্য কোনো প্রবেশপত্র ইস্যু করা হবে না। ভ্যাকসিন প্রদানের সনদ (টিকা কার্ড) ব্যতীত কোনো শিক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। যেসকল শিক্ষার্থী এখনও টিকার জন্য রেজিস্ট্রেশন করতে পারেনি তারা সাথে করে তাদের এনআইডি/জন্মনিবন্ধন-এর কপি পরীক্ষা কেন্দ্রে নিয়ে আসবে। উক্ত বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করে নির্দেশটি পালনের অনুরোধ করা হলো।

প্রফেসর মো. শহীদুর রহমান
বিভাগীয় প্রধান

ইংরেজি বিভাগ, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়